

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বিপিএসসির আলোচনা সভা

সিনিয়র রিপোর্টার | নিউজবাংলাদেশ.কম

প্রকাশ: ২২৩৬ ঘণ্টা, সোমবার ২০ ফেব্রুয়ারি ২০১৭ || সর্বশেষ সম্পাদনা: ০৯৫৫ ঘণ্টা, মঙ্গলবার ২১ ফেব্রুয়ারি ২০১৭



ঢাকা: মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আলোচনা সভা ও কবিতা পাঠের আয়োজন করেছে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন-পিএসসি।

সোমবার বিকেলে পিএসসি কার্যালয়ে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের চেয়ারম্যান ও বিশিষ্ট কবি ড. মোহাম্মদ সাদিক। কমিশনের সদস্যরা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সরকারি কর্ম কমিশনের সব কর্মকর্তা-কর্মচারী এ অনুষ্ঠানে অংশ নেন।

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের সচিব আকতারী মমতাজ অনুষ্ঠানের সভাপতিত্ব করেন।

অনুষ্ঠানের শুরুতে বায়ান্নর ভাষা আন্দোলনের ওপর নির্মিত ২০ মিনিটের একটি প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শন করা হয়। এরপর ভাষা আন্দোলনের শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে ১ মিনিট নিরবতা পালন করা হয়।

এর আগে অনুষ্ঠানের শুরুতে অংশগ্রহণকারী সবাইকে কালো ব্যাজ পরিয়ে দেয়া হয়।

অনুষ্ঠানে অমর ২১শে ফেব্রুয়ারিকে নিয়ে গান ও কবিতা পাঠ করা হয়। কমিশনের সদস্যরা, উর্ধ্বতন কর্মকর্তারা মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষার তাৎপর্য তুলে ধরে তাদের বক্তব্য দেন।

প্রধান অতিথির বক্তব্যে বিশিষ্ট কবি ও কমিশনের চেয়ারম্যান ড. মোহাম্মদ সাদিক বলেন, "ভাষা আন্দোলনে বাঙালি নারীদের অবদান অনেক। জাতির পিতার জ্যেষ্ঠ সন্তান হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলা ভাষাকে আন্তর্জাতিক মাতৃভাষা হিসেবে স্বীকৃতি অর্জনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন।"

তিনি আরো বলেন, "আমরা আমাদের ভাষার জন্য আন্দোলন করেছি। বর্তমানে বিলীন হতে যাওয়া ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষা রক্ষা করার দায়িত্ব আমাদের। একইভাবে আমাদের

আঞ্চলিক ভাষাগুলোকে সংরক্ষণ করতে হবে আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য।”

কমিশনের সচিব আকতারী মমতাজ তার সমাপনি বক্তব্যে বলেন, “ভাষা আন্দোলনের স্পৃহা আমাদের ৬৬ এর ছয় দফা দাবি এবং ৬৯ এর গণ অভ্যুত্থানের বিষয়ে ঐক্যবদ্ধ করেছিল যার পরিপ্রেক্ষিতে আমার আমাদের স্বাধীন বাংলাদেশ পেয়েছি।”

ভাষার তাৎপর্য তুলে ধরে তিনি আরো বলেন, “সংস্কৃতির লড়াই এখনও চলছে। সংস্কৃতির ওপর আমাদের আঘাত আসছে। সমাজে এখনও সাম্প্রদায়িকতা বিষফণা তুলছে। কাজেই আমাদের ভাষার যেমন সম্মান রাখতে হবে তেমন আমাদের ঐতিহ্যের লালন করতে হবে।”

নিউজবাংলাদেশ.কম/এসএ/এসডি

নিউজবাংলাদেশ.কমে প্রকাশিত যে কোনও প্রতিবেদন, ছবি, লেখা, রেখাচিত্র, ভিডিও-অডিও ক্লিপ অনুমতি ছাড়া অন্য কোনও মাধ্যমে প্রকাশ, প্রচার করা কপিরাইট আইনে দণ্ডনীয়।